

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ  
বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ১.৮৩ লক্ষ টাকা জরিমানা

৭ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে  
ঢাকা মহানগর, মৌলভীবাজার, মাদারীপুর ও পঞ্চগড়ে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় পণ্যের মোড়কে  
এমআরপি লেখা না থাকার অপরাধে মালেক বেকারী ও হৃদয় কনফেকশনারীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১০,০০০/- (দশ<sup>১</sup>  
হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হরিপুর মিষ্টান্ন  
ভান্ডারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর কামরাঙ্গিরচর এলাকায়  
অভিযোগের ভিত্তিতে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে এম আর ফুড  
প্রোডাক্টস ও কর্ণফুলী সেমাইকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি  
হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২০,০০০/- (বিশ হাজার)  
টাকা প্রদান করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা  
এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স খোরশেদ স্টোর ও সাইফুল মাংস বিতানকে যথাক্রমে ২,০০০/- (দুই  
হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গ্রামীণ সুইটস ও মা ফার্মেসীকে  
৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৩,০০০/- (ত্রেষ হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে  
১৭,০০০/- (সতের হাজার) টাকা, অভিযোগের ভিত্তিতে পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক হাসান আল মারুফ কর্তৃক অস্বাস্থ্যকর  
পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নিউ মৌচাক হোটেল এন্ড রেস্টোরান্সে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায়  
করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রদান এবং মাদারীপুর জেলা  
কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনি উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (ত্রেষ  
হাজার) টাকাসহ মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের  
তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২২টি প্রতিষ্ঠানকে মোট ১,৮৩,০০০/- (এক লক্ষ তিনি হাজার) টাকা জরিমানা আরোপ ও  
আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীকে মং ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা প্রদান  
করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ  
ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, ক্যাব, স্যানেটারী ইন্সপেক্টর ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে  
সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট ও রংপুর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, মৌলভীবাজার, মাদারীপুর ও পঞ্চগড়।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর, মৌলভীবাজার, মাদারীপুর ও পঞ্চগড়।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।